

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৬. ৫. নবী ও মসীহ তালুত কর্তৃক ইমামদের গণহত্যা

আমরা ইতোপূর্বে দেখেছি যে, ঈশ্বরের মনোনীত প্রজাদের প্রথম বাদশাহ তালুত ও দ্বিতীয় বাদশাহ দাউদ উভয়েই বাইবেলের বর্ণনায় ঈশ্বরের মসীহ ও নবী ছিলেন। তালুত ছিলেন বিনইয়ামীন গোষ্ঠীর এবং দাউদ ছিলেন এহুদা বা যিহুদা গোষ্ঠীর। তালুত মাসীহত্ব, রাজতব ও নবীত্ব লাভের পরেও ঈশ্বরের নির্দেশ অনুসারে সর্বাত্মক গণহত্যা না করে একজন মানুষ ও কিছু পশু বাঁচিয়ে রাখার কারণে ঈশ্বর অনুশোচনা ও অনুতাপ করে তালুতকে বাতিল করে দাউদকে মনোনীত করেন। ঈশ্বর স্বয়ং দুষ্ট আত্মা পাঠিয়ে এ দু' মাসীহ, রাজা ও নবীর মধ্যে শক্রতা সৃষ্টি করে দেন। এ শক্রতার জের হিসেবে ঈশ্বরের পবিত্র ও মনোনীত প্রজাদের মধ্যে হত্যাযজ্ঞ চলে। এক ঘটনায় তালুত বনি-ইসরাইলের ৮৫ ইমামকে হত্যা করেন। এরপর তাদের পরিবারের নারী, পুরুষ, শিশু ও পশু সব কিছু হত্যা করেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14592

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন